

বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করতে হবে

১০ দফা দাবীতে ভোকেশনাল শিক্ষক সমিতির মানববন্ধন

স্টাফ রিপোর্টার : অবিলম্বে বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্ত করতে হবে। সেই সঙ্গে কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে অযোগ্য ও অদক্ষ কর্মকর্তাদের ছাটাই করতে হবে। গতকাল রোববার জাতীয় প্রেসক্লাবের সামনে শিক্ষকদের চাকরি স্থায়ীকরণ, বাড়িভাড়া, চিকিৎসাব্যয় ও পুণ্যায় উৎসবভাড়া প্রদানসহ শিক্ষকদের ১০ দফা দাবি আদায়ের লক্ষ্যে বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতির নেতারা মানববন্ধন করেছে। এসময় সর্ধক্ষিপ্ত আলোচনা সভায় বক্তারা এসব দাবি তুলে ধরেন।

শিক্ষক নেতারা বলেন, শিক্ষকদের জাতি গঠনের কারিগর বলা হয়। কিন্তু এসকল শিক্ষকরা মাসে মাত্র একশ' টাকা বাড়িভাড়া ও চিকিৎসাব্যয় ১৫০ টাকা পান। এটা চরম লজ্জাজনক। শিক্ষক হয়ে এটা আমাদের মেনে নিতে কষ্ট হয়। নেতারা আরো বলেন, শিক্ষকরা কোনো অন্যায় আবদার করছে না। বরং শিক্ষকদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে। আমাদের ন্যায্য অধিকার সরকারকেই দিতে হবে। মুখে মুখে শিক্ষকদের স্বাক্ষর দেওয়া হলেও রাস্তাঘাটে তাদের সঙ্গে ভিন্ন ব্যবহার করা হচ্ছে। এই বৈষম্য দূর করতে না পারলে জাতি ভালো কিছু আশা করতে পারে না। মানববন্ধনে উপস্থিত ছিলেন বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, যুগ্ম সম্পাদক আবুল হোসেন, সফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক কামাল হোসেন, প্রচার সম্পাদক হুমায়ন আহমেদ প্রমুখ।